



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০২.২২-২১৯

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯  
১৩ জুন ২০২২

**বিষয় : কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে নির্বাচন পর্যবেক্ষক নিয়োগ**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ জুন ২০২২ তারিখ বুধবার কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনের ভোটগ্রহণ সুষ্ঠু, অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে এবং প্রতিটি ভোটকেন্দ্রের নির্বাচনের পরিস্থিতি নিবিড় ও পুঙ্খানুপুঙ্খভাবে পর্যবেক্ষণের নিমিত্ত ভোটগ্রহণের পূর্ব দিন ও ভোটগ্রহণের দিনের জন্য নিম্নোক্ত কর্মকর্তাকে নির্বাচন পর্যবেক্ষক হিসেবে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক | কর্মকর্তার নাম (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)                                      | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ডের অন্তর্ভুক্ত ভোটকেন্দ্র | মোবাইল নম্বর |
|--------|---|--|--------------|
| ০১     | মো: মঈন উদ্দীন খান<br>উপসচিব, মানব সম্পদ উন্নয়ন কল্যান অধিশাখা (নিকস)        | ০১-০৩ সংরক্ষিত ওয়ার্ড                           | ০১৭১৫১৮০৫৩৩  |
| ০২     | মোহাম্মদ নুরুল হাসান ভূঞা<br>সিনিয়র সহকারী সচিব, প্রশিক্ষণ ও সক্ষমতা (নিকস)  |  | ০১৭১১৩৬৯৯৭৬  |
| ০৩     | মোহাম্মদ জসিম উদ্দিন<br>সিনিয়র সহকারী প্রধান, গবেষণা ও প্রকাশনা (নিকস)       |  | ০১৭৪৫৭৬৯০৫০  |
| ০৪     | মো: আব্দুল হালিম খান<br>উপসচিব, নির্বাচনী সহায়তা ও সরবরাহ (নিকস)             | ০৪-০৬ সংরক্ষিত ওয়ার্ড                           | ০১৮১৯১৫০৩৭৫  |
| ০৫     | মোঃ নাজমুল কবীর<br>সিনিয়র সহকারী সচিব, জনবল ব্যবস্থাপনা-২ (নিকস)             |  | ০১৭১৪-৫৭৩১৫৬ |
| ০৬     | আব্দুল্লাহ আল মোতাহসিম<br>সিনিয়র সহকারী সচিব, জনবল ব্যবস্থাপনা-৩ (নিকস)      |  | ০১৭১২-৪১৫২০৭ |
| ০৭     | মোহাম্মদ এনামুল হক<br>উপসচিব, সংস্থাপন অধিশাখা (নিকস)                         | ০৭-০৯ সংরক্ষিত ওয়ার্ড                           | ০১৭১২৬০৯৫১১  |
| ০৮     | মোহাম্মদ নাজিম উদ্দিন<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট ও ব্যয় নিয়ন্ত্রন (নিকস) |  | ০১৭১১৭০৭৭৩৩  |
| ০৯     | মো: জিলহাজ উদ্দিন<br>সিনিয়র সহকারী সচিব, সংস্থাপন-১ শাখা (নিকস)              |  | ০১৭১৫৫৭২০৩৮  |

০২। নির্বাচন কমিশনের পর্যবেক্ষক হিসেবে নিয়োজিত কর্মকর্তাগণ নিম্নরূপভাবে দায়িত্ব পালন করবেন :

- কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচনি এলাকার জন্য নিয়োগপ্রাপ্তগণ ১৪ জুন ২০২২ তারিখের মধ্যে অবশ্যই সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার-এর নিকট রিপোর্ট করবেন;
- রিটার্নিং অফিসার নিয়োগপ্রাপ্ত পর্যবেক্ষকগণকে নির্বাচনি এলাকার পরিস্থিতি এবং সুষ্ঠু, সুন্দর ও অবাধ নির্বাচন অনুষ্ঠানে তাদের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনে করণীয় সম্পর্কে অবহিত করবেন এবং পর্যবেক্ষকগণ স্ব স্ব দায়িত্বপ্রাপ্ত এলাকায় অবস্থান করে পরিস্থিতি পর্যবেক্ষণ করবেন;
- ভোটগ্রহণের পূর্বের দিন অর্থাৎ ১৪ জুন ২০২২ তারিখে নির্বাচনি মালামাল ভোটকেন্দ্রে যথাযথভাবে পৌঁছেছে কিনা এবং ভোটগ্রহণের পূর্বের রাতে ইভিএম মেশিন ও সকল মালামাল যথাযথ নিরাপত্তার সাথে রক্ষিত আছে কিনা তার তথ্য সংগ্রহ;
- ভোটগ্রহণের দিন সকাল ৭.৩০মি. ইভিএম মেশিন ও সকল মালামাল যথাযথ নিরাপত্তার সাথে রক্ষিত রয়েছে কিনা সে বিষয় এবং ভোটগ্রহণ শুরুর প্রস্তুতি সম্পর্কেও তথ্য সংগ্রহ; এছাড়া সকাল ৮.০০মি. ভোটগ্রহণ শুরু হয়েছে কি না সে সম্পর্কিত তথ্য সংগ্রহ;
- সকাল ১১.০০ টায়, দুপুর ১.০০ টায় এবং ভোটগ্রহণ শেষ হলে লিখিতভাবে প্রতিবেদন দাখিল। এছাড়াও বিশেষ পরিস্থিতির উদ্ভব হলে তা সাথে সাথে সংশ্লিষ্টদের অবহিতকরণ;

- চ. নির্বাচন অনুষ্ঠানে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে এমন কোন পরিস্থিতির খবর পেলে তাৎক্ষণিকভাবে তা লিখিতভাবে অবহিত করণ; এবং
- ছ. পর্যবেক্ষণকালে আইন ও বিধি অনুসারে কোনরূপ অনিয়ম বা ত্রুটি-বিচ্যুতি (যেমন- আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি, ভোটারদের কেন্দ্রে প্রবেশে বাধা প্রদান, জাল ভোট, অবৈধ প্রভাব বিস্তারের প্রচেষ্টা ইত্যাদি) নজরে আসা মাত্র টেলিফোন বা মোবাইল এর মাধ্যমে এবং প্রয়োজনে লিখিতভাবে নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব/অতিরিক্ত সচিব মহোদয় এবং সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন; এবং
- জ. নির্বাচনি মালামাল এবং ভোটকেন্দ্রসমূহের ফলাফল রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে যথাযথভাবে পৌঁছেছে কিনা তৎসম্পর্কিত তথ্য সংগ্রহ করা।

০৪। পর্যবেক্ষণ সমাপ্ত হলে সংযুক্ত ছকে ২৪(চব্বিশ) ঘণ্টার মধ্যে প্রতিবেদন এবং গুরুত্বপূর্ণ ঘটনা ঘটলে তা অতিরিক্ত কাগজে লিপিবদ্ধপূর্বক সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এবং সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার-এর নিকট দাখিল করবেন।


০৫। উপর্যুক্ত নির্দেশনা অনুসারে দায়িত্ব পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: পর্যবেক্ষণ প্রতিবেদন ছক

জনাব .....

দায়িত্বপ্রাপ্ত পর্যবেক্ষক

কুমিল্লা সিটি কর্পোরেশন সাধারণ নির্বাচন, ২০২২



(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ৫৫০০৭৫২৫

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০২.২২-২১৯

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯  
১৩ জুন ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
২. উপ মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম
৩. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৫. জেলা প্রশাসক, কুমিল্লা [পর্যবেক্ষকগণের আবাসন ও যাতায়াতের জন্য যানবাহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল]
৬. পরিচালক (পরিচালনা), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা ও রিটার্নিং অফিসার
৭. পুলিশ সুপার, কুমিল্লা [পর্যবেক্ষকগণের নিরাপত্তার প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হল]
৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,.....(সংশ্লিষ্ট)
৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা
১০. ....(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১১. উপজেলা নির্বাহী অফিসার, .....(সংশ্লিষ্ট)
১২. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৩. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ....., নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫. সিনিয়র সহকারী সচিব (বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা ( বিধি মোতাবেক অর্থ বরাদ্দের প্রয়োজন ব্যবস্থা গ্রহণের জন্য)
১৬. উপজেলা নির্বাচন অফিসার, .....(সংশ্লিষ্ট)
১৭. অফিসার ইনচার্জ, .....(সংশ্লিষ্ট থানা)

(মোহাম্মদ মৌরশেদ আলম)

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা

ফোন: ৫৫০০৭৬১০